পরকীয়ায় ঘর ভাঙ্গছে এক সন্তানের জননীর, দায়িত্ব নিতে নারাজ ইমরান

ঝিনাইদহের লম্পট ইমরান বিয়ের প্রলোভন দেখিয়ে পরকীয়ায় আবদ্ধ করে এক নারীকে। দুজনের মাঝে দীর্ঘদিন চলে আসছে এই সম্পর্ক। ইতোমধ্যে এক সন্তানের জননী হয়ে গেছে ঐ রমনী।

ঘটনাটি জানাজানি হলে ঐ মহিলার ঘর থেকে এলাকাবাসী দুজনকে আটকে রেখে পুলিশে দিলেও অজানা কারণে ছেলে পক্ষের তদবিরে তাদেরকে ছেড়ে দেওয়া হয়েছে। ঘটনাটি ঘটেছে ঝিনাইদহ সদর উপজেলার রাধানগর গ্রামে।

এলাকাবাসীর সূত্রে জানা যায়, হরিণাকুণ্ডু উপজেলার রায়পাড়া ভাতুড়িয়া গ্রামের মৃত আলম মন্ডলের ছেলে ইমরান (২৮) নামের এক যুবক পাশাপাশি গ্রামের ঝিনাইদহ সদরের রাধানগর গ্রামের অতি দরিদ্র পরিবারের মর্জেম মন্ডলের মেয়ে আনজিরার (২২) সাথে বিয়ের প্রলোভন দেখিয়ে পরকীয়ার সম্পর্ক গড়ে তোলে।

আনজিরার ঘরে এখন ৪ মাসের একটি পূত্র সন্তান রয়েছে, তার পরেও ঐ লম্পট ইমরান আনজিরার পিছু ছাড়েনি।

অবশেষে গত ২৮ জানুয়ারী ইমরান আনজিরার ঘরে এলে এলাকার লোকজন টের পেয়ে দুজনকে ধরে মারধর করে স্থানীয় পুলিশ ফাঁড়িতে খবর দেয়। পরে স্থানীয় মাতবরদের সমঝোতায় তাদেরকে ছেড়ে দেওয়া হয়।

এব্যাপারে ভুক্তভোগি আনজিরা বলেন, আমাকে বিয়ের প্রলোভন দেখিয়ে দীর্ঘদিন শারীরিক সম্পর্ক করেছে। আমার স্বামীকে তালাক দেওয়ার জন্য চাপ দিয়ে আসছে কিন্ত এখন ইমরান আর আমাকে বিয়ে করতে চায় না। আমার স্বামীও সন্তানের পরিচয় দিতে চাচ্ছে না। আমি একজন অসহায় নারী হিসেবে এই প্রতারক ইমরানের ঠিক বিচার চাই।

ডাকবাংলা পুলিশ ফাঁড়ির ইনচার্জ বিল্লাল হোসেন বলেন, আমরা তাদের চালান দিয়ে ছিলাম পরে কিভাবে জামিন নিয়েছে জানি না।

ঝিনাইদহে ২ দিন ব্যাপী কারাতে প্রশিক্ষণ শুরু

ঝিনাইদহে শুরু হয়েছে ২ দিন ব্যাপী কারাতে প্রশিক্ষণ। সোমবার সকালে সোতোকান কারাতে দো নামের একটি প্রতিষ্ঠানের আয়োজনে শহরের পৌরসভা চত্বরের টেনিস গ্রাউন্ডে এ প্রশিক্ষণের উদ্বোধন করেন জেলা ক্রীড়া অফিসার মাহবুবুর রহমান।

এসময় স্কুলটির পরিচালক কাজী আলী আহম্মেদ লিকুসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

২ দিন ব্যাপী এই প্রশিক্ষণে শহরের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ২৯ জন শিক্ষার্থীকে আত্মরক্ষার নানা কৌশল শেখাবেন জাতীয় কারাতে প্রশিক্ষক জসিম উদ্দিন, জাতীয় কারাতে রেফারি মতিউর রহমানসহ স্থানীয় প্রশিক্ষকবৃন্দ।

এ প্রশিক্ষণের মাধ্যমে শিক্ষার্থীরা নিজেদের রক্ষার পাশাপাশি আত্মনির্ভরশীল হয়ে উঠবে বলে আশা আয়োজকরদের।

ঝিনাইদহে যবুলীগ নেতা হত্যা মামলায় ইউপি চেয়ারম্যান কারাগারে

ঝিনাইদহে যবুলীগ নেতা হত্যা মামলার অন্যতম আসামী গান্না ইউনিয়নের চেয়ারম্যান নাসির উদ্দীন মালিথাকে কারাগারে পাঠিয়েছে আদালত। গত রবিবার ৩১ জানুয়ারী ঝিনাইদহ জেলা ও দায়রা জজ (অতিরিক্ত-১) আদালতে নাসির মালিথা আত্মসমার্পন করে জামিন চাইলে বিচারক না মুঞ্জুর করে তাকে কারাগারে পাঠানোর নিদের্শ দেন।

আদালতের হিসাবে এ মামলায় ৯ বছর পলাতক থেকেও ৫ বছর ইউপি চেয়ারম্যান হিসাবে দায়িত্ব পালন করেন আসছে বলে জানা যায়। এমনকি আদালতের ওয়ারেন্ট তিনি কৌশলে গোপন করেন। সম্প্রতি ঘটনা জানাজানি হয়ে গেলে তিনি গা ঢাকা দেন।

সংশ্লিষ্ট সুত্র জানায়, ২০১০ সালে ৭ জুলাই ঝিনাইদহ সদর উপজেলার কাশিমনগর ব্রিজের ওপর বোমা হামলায় আহত হয়েছিলেন গান্নার তৎকালীন ইউনিয়ন যুবলীগের যুগ্ম আহ্বায়ক জাকির হোসেন মন্ডল শান্তি। এর তিন দিন পর ঢাকায় চিকিৎসাধীন অবস্থায় মারা যান তিনি। শান্তির শ্বশুর সিরাজুল ইসলাম মালিথা বাদি হয়ে সদর থানায় অজ্ঞাতনামা আসামী করে হত্যা ও বিস্ফোরক ধারায় পৃথক দু’টি মামলা দায়ের করেন। পুলিশ ওই মামলায় ৮ জনকে গ্রেফতার করে আদালতে প্রেরণ করেন।

এর মধ্যে ৪ জন ম্যাজিস্ট্রেটের সামনে ১৬৪ ধারায় জবানবন্দি দেয়। তাতে চেয়ারম্যান নাসির মালিতাকে হুকুম ও অর্থদাতা হিসাবে জবানবন্দি দেয় গ্রেফতারকৃত আসামিরা। জবানবন্দি দেওয়া দুই আসামি পুলিশের সাথে বন্দুকযুদ্ধে ও সন্ত্রাসীদের গুলিতে নিহত হয়েছেন এবং একজন পলাতক রয়েছেন। ২০১১ সালের ২৪ অক্টোবর পুলিশ আদালতে চার্জশীট জমা দেয়।

চার্জশীট অনুযায়ী নাসির উদ্দিন মালিথাকে হত্যা মামলায় ৯ নং আসামি হিসাবে অন্তর্ভুক্ত করা হয়।

ঝিনাইদহে তাজী এগ্রো ইন্ড্রাট্রিজ লিমিটেডে আগুন

ঝিনাইদহ সদর উপজেলার অচিন্তনগর গ্রামে চারকোল(পিন্টারের কালি) তৈরির একটি কারখানায় অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে। গতকাল রোববার দুপুরে এ ঘটনায় ঘটে। আগুন নিয়ন্ত্রণের সময় মহাব্বত আলী নামের একজন ফায়ার সার্ভিসের কর্মী আহত হন।

ঝিনাইদহ, মাগুরা ও শৈলকুপার ফায়ার সার্ভিসের ৩ টি ইউনিট আগুন নিয়ন্ত্রণে কাজ করছে।

ঝিনাইদহ ফায়ার সার্ভিসের ডিএডি সামিমুল ইসলাম জানান, দুপুরে অচিন্তনগর গ্রামে তাজী এগ্রো ইন্ড্রাট্রিজ লিমিটেড নামের ওই কারখানায় হঠাৎ করেই আগুন ধরে যায়। মূহুর্তের মধ্যে তার পাশের গোডাউনে ধরে যায়। খবর পেয়ে ঝিনাইদহ, শৈলকুপা ও মাগুরা ফায়ার সার্ভিসের ৩ টি ইউনিট ঘটনাস্থলে পৌঁছে আগুন নিয়ন্ত্রণের চেষ্টা করছে। আগুন নিয়ন্ত্রণের সময় ফায়ার সার্ভিসের এক কর্মী আহত হয়েছে। পরে তাকে উদ্ধার করে ঝিনাইদহ সদর হাসপাতালে ভর্তি করা হয়েছে।

আগুনের খবর এলাকায় ছড়িয়ে পড়লে শতশত নারী পুরুষ অচিন্তনগর গ্রামে ভিড় জমায়। বর্তমানে আগুন নিয়ন্ত্রণে আছে বলে জানিয়েছেন ফায়ার সার্ভিসের ডিএডি সামিমুল ইসলাম।

স্থানীয় ইউপি সদস্য মিকাইল হোসেন জানান, তাজী এগ্রো ইন্ড্রাট্রিজ লিমিটেড এর ক্ষতির পরিমাণ প্রায় এক কোটি টাকা হবে।

কোটচাঁদপুর পৌর নির্বাচনে ২ মেয়র প্রার্থীর জামানত বাজেয়াপ্ত

তৃতীয় ধাপে অনুষ্ঠিত ঝিনাইদহের কোটচাঁদপুর পৌর নির্বাচনে ২ মেয়র প্রার্থীর জামানত বাজেয়াপ্ত হয়েছে। গত শনিবার (৩০ জানুয়ারী) কোটচাঁদপুর পৌরসভা নির্বাচনে আ. লীগের বিদ্রোহী (স্বতন্ত্র) প্রার্থী (মোবাইল প্রতীক) সহিদুজ্জামান সেলিম ৮ হাজার ৩’শ ৪২ ভোট পেয়ে বেসরকারি ভাবে নির্বাচিত হন। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী বিএনপি মনোনিত প্রার্থী সালাহউদ্দীন বুলবুল সিডল (ধানের শীষ প্রতীক) পেয়েছেন ৭ হাজার ১’শ ২৮ভোট।

অন্যদিকে আ. লীগের দলীয় মনোনীত নৌকা প্রতীকের প্রার্থী মোঃ শাহাজান আলী পেয়েছেন ২ হাজার ৩৮ ভোট। অপরদিকে বর্তমান মেয়র স্বতন্ত্র প্রার্থী জাহিদুল ইসলাম জিরে পেয়েছেন ২ হাজার ৮৯ ভোট।

নির্বাচন আইন অনুযায়ী জামানত ফিরে পেতে মোট প্রদত্ত ভোটের ৮

ভাগের এক ভাগ পেতে হয়। ৩০ জানুয়ারী অনুষ্ঠিত কোটচাঁদপুর পৌর নির্বাচনে ৯ টি ওয়ার্ডে ২৭ হাজার ৪’শ ৯৩ জন ভোটারের মধ্যে ১৯ হাজার ৮’শ ৯৮ ভোটার তাদের ভোটাধিকার প্রয়োগ করেছেন। এর মধ্যে বাতিল হয়েছে ৩০১ ভোট।

সেই হিসাবে ২ প্রতিদ্বন্দ্বী প্রার্থী সহিদুজ্জামান সেলিম এবং সালাহউদ্দীন বুলবুল সিডল উভয়ে পেয়েছেন ১৫ হাজার ৪’শ ৭০ ভোট।

অপরদিকে আ. লীগের দলীয় মনোনীত নৌকা প্রতীকের প্রার্থী মোঃ শাহাজান আলী এবং বর্তমান মেয়র স্বতন্ত্র প্রার্থী জাহিদুল ইসলাম জিরে উভয়ে পেয়েছেন ৪ হাজার ’১শ ২৭ ভোট।

যা মোট প্রদত্ত ভোটের ৮ ভাগের কম। সেই হিসাবে তাদের জামানত বাজেয়াপ্ত হয়েছে। নির্বাচনে প্রদত্ত ভোটের হার ৭২.৩৭ শতাংশ।

ঝিনাইদহে বিশ্ব কুষ্ঠ দিবস পালিত

‘সম্মিলিত প্রচেষ্টায়, কুষ্ঠকে করি জয়’ এ শ্লোগানকে সামনে রেখে ঝিনাইদহে বিশ্ব কুষ্ঠ দিবস পালিত হয়েছে।

ওয়েলফেয়ার এফোর্টস (উই) নামের একটি স্বেচ্ছাসেবী সংগঠনের আয়োজনে রোববার সকালে সিভিল সার্জনের কার্যালয় চত্বর থেকে র্যালী বের করা হয়।

র্যালীটি শহরের বিভিন্ন সড়ক ঘুরে পায়রা চত্বরে গিয়ে শেষ হয়। পরে সেখানে পালিত হয় মানববন্ধন কর্মসূচী। এতে ব্যানার ফেস্টুন নিয়ে সংগঠনটির কর্মকর্তাসহ নানা শ্রেণী পেশার মানুষ অংশ নেয়।

এসময় বক্তব্য রাখেন, মানবাধিকার কর্মী আমিনুর রহমান টুকু, ওয়েলফেয়ার এফোর্টস (উই) এর নির্বাহী পরিচালক শরিফা খাতুন, এইড’র প্রতিনিধি আশাফুর নাহার আশাসহ অন্যান্যরা।

এসময় বক্তারা, কুষ্ঠ রোগ দেশ থেকে দূর করতে রোগীদের অবহেলা না

করে চিকিৎসকদের শরণাপন্ন হওয়ার আহ্বান জানান।

ঝিনাইদহে ভূমি ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা

ঝিনাইদহে ইউনিয়ন ভূমি অফিসে কর্মরত অফিস সহায়কদের ভূমি ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ প্রদাণ করা হয়েছে।

রোববার দিনব্যাপী শহরে ইসলামিক ফাউন্ডেশেন মিলনায়তনে এ প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করে সদর উপজেলা প্রশাসন।

ঝিনাইদহ সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা বদরুদ্দোজা শুভ’র সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা প্রশাসক সরোজ কুমার নাথ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, ইসলামিক ফাউন্ডেশনের উপ-পরিচালক আব্দুল হামিদ খান, সহকারী কমিশনার ভূমি খান মো: আব্দুল্লা আল মামুন।

এসময় ভূমি সেবা নিতে আসা ব্যক্তিদের সেবার মান আরও উন্নত করতে অফিস সহায়কদের প্রশিক্ষণ প্রদান করা হয়।

দিনব্যাপী কর্মশালায় সদর উপজেলার বিভিন্ন ইউনিয়ন ভূমি অফিসে কর্মরত ২৫ জন অফিস সহায়ক অংশগ্রহণ করেন।

নৌকার প্রার্থী শেফালী বেগম ও

ধানের শীষের অ্যাড. মোঃ হুমায়ন বাবর ফিরোজ

ঝিনাইদহের শৈলকুপা উপজেলা পরিষদের চেয়ারম্যান পদে উপ-নির্বাচনে প্রার্থী ঘোষনা করেছে বিএনপি ও আওয়ামীলীগ। রোববার এ তথ্য জানা যায়।

চেয়ারম্যান পদে উপ-নির্বাচনে আওয়ামী লীগের মনোনয়ন পেয়েছেন প্রয়াত সাবেক উপজেলা চেয়ারম্যান শিকদার মোশাররফ হোসেন সোনা শিকদারের স্ত্রী শেফালী বেগম। গণভবনে আওয়ামী লীগের মনোনয়ন বোর্ডের সভায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা প্রার্থী ঘোষনা করেন।

অন্যদিকে বিএনপি মনোনীত ধানের শীষের প্রার্থী হিসাবে নাম ঘোষনা করা হয় ইসলামী বিশ্ববিদ্যালয় ছাত্রদলের সাবেক সভাপতি ও শৈলকুপা উপজেলা বিএনপি’র সিনিয়র যুগ্ন-আহবায়ক এ্যাড. মোঃ হুমায়ন বাবর ফিরোজের। বিএনপি’র সিনিয়র যুগ্ন মহাসচিব রুহুল কবির রিজভী স্বাক্ষরিত এক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

উল্লেখ্য, গত বছরের ৪ নভেম্বর হৃদরোগে আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করেন শৈলকুপা উপজেলা পরিষদের চেয়ারম্যান শিকদার মোশাররফ সোনা। তার মৃত্যুতে উপজেলা পরিষদের চেয়ারম্যান পদটি শূন্য হয়। আগামী ২৮ফেব্রুয়ারি শৈলকুপায় উপনির্বাচন অনুষ্ঠিত হবে।

জেলা নির্বাচন অফিস সুত্রে জানা গেছে, মনোনয়ন দাখিলের শেষ তারিখ ৩ফেব্রুয়ারি, বাছাই ৪ফেব্রুয়ারি, প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ ১১ফেব্রুয়ারি ও প্রতিক বরাদ্দ ১২ ফেব্রুয়ারি নির্ধারণ করা হয়েছে।

ঝিনাইদহে জাতীয় পার্টির পৌর

সম্মেলন

গতকাল শনিবার সকাল ১১টার দিকে ঝিনাইদহ প্রেস ক্লাব মিলনাতয়নে বাংলাদেশ জাতীয় পার্টির পৌর সম্মেলন অনুষ্ঠিত হয়। উক্ত সম্মেলনে যোগদানের উদ্দেশ্যে সকাল থেকেই নেতা কর্মীরা প্রেস ক্লাবের সামনে উপস্থিত হতে শুরু করে।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জাতীয় পার্টির কেন্দ্রীয় কমিটির সাহিত্য বিষয়ক সম্পাদক সুমন আশরাফ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাবু বিষ্ণুপদ রায়, রাশেদ মজমাদার আহবায়ক সম্মেলন প্রস্তুত কমিটি, জয়নাল আবেদিন, শামীম আজাদ, অরবিন্দু বিশ্বাস, এড. সদর উদ্দীন ও ড.মিলন প্রমুখ।

সম্মেলনে বক্তারা দেশের উন্নয়ন এর বিভিন্ন কার্যক্রম এর চিত্র তুলে ধরে বলেন দেশে জাতীয় পার্টি এখন প্রধান বিরোধী দল। এমন এক দিন আর বেশি দূরে নয় যেদিন জাতীয় পার্টি বাংলাদেশে সরকার গঠন করবে।

পৌরসভা থেকে আগত সকল নেতা কর্মীদের উদ্দেশ্য করে বক্তারা বলেন আপনারা সকলে মন প্রাণ দিয়ে দলের পরিধি আরো বাড়িয়ে তুলবেন যেন সামনের দিনে জাতীয় পার্টি সরকার গঠন করতে পারে।

এছাড়াও সম্মেলন থেকে পৌর জাতীয় পার্টির কমিটিতে সভাপতি রাকিবুল ইসলাম মুন্না এবং সম্পাদক হিসেবে মাসুমসহ নয়ঠি ওয়ার্ডের কমিটির নেতা কর্মীদের নাম ঘোষণা করা হয়।

কোটচাঁদপুর পৌর নির্বাচনে আ. লীগের বিদ্রোহী প্রার্থীর জয়

ঝিনাইদহের কোটচাঁদপুর পৌর নির্বাচনে আ. লীগের বিদ্রোহী (স্বতন্ত্র) প্রার্থী সহিদুজ্জামান সেলিম ৮ হাজার ৩’শ ৪ ভোট পেয়ে বেসরকারি ভাবে মেয়র নির্বাচিত হয়েছেন।

তার নিকটতম প্রতিদ্বন্দ্বী বিএনপি মনোনীত প্রার্থী সালাহউদ্দীন বুলবুল সিডল ৭ হাজার ১’শ ২৮ ভোট পেয়েছেন। গতকাল শনিবার সন্ধ্যায় উপজেলা মিলনায়তনে জেলা রিটার্নিং কর্মকর্তা ও নির্বাচন অফিসার রোকনুজ্জামান এই ফল ঘোষণা করেন।

এছাড়াও সাধারণ কাউন্সিলর হিসেবে নির্বাচিত হয়েছেন (১ নং ওয়ার্ডে) মাহবুব খান হানিফ, (২ নং ওয়ার্ডে) আব্দুল মাজেদ, (৩নং ওয়ার্ডে) মোঃ জাহিদ হোসেন, (৪নং ওয়ার্ডে) সুব্রত চক্রবর্তী (৫নং ওয়ার্ডে) শেখ সোহেল আরমান, (৬ নং ওয়ার্ডে) মোঃ শরিফুল ইসলাম, (৭ নং ওয়ার্ডে) খায়রুল ইসলাম, (৮নং ওয়ার্ডে) সোহেল আল-মামুন এবং (৯ নং ওয়ার্ডে) মোঃ রকিব উদ্দীন।

এছাড়াও সংরক্ষিত মহিলা কাউন্সিলর হিসেবে রত্না পারভিন বেলী (১,২,৩), গাজী তানজিমা পিউলি (৪,৫,৬) ও মোছাঃ শারমিন আক্তার সাথী (৭,৮,৯) বেসরকারি ভাবে নির্বাচিত হয়েছেন।

এর আগে সকাল ৮ টা হতে বিকাল ৪ পর্যন্ত পৌরসভার ৯টি ওয়ার্ডের ১৪টি কেন্দ্রের ১৮টি বুথে উৎসব মুখর পরিবেশ ও শান্তিপূর্ণভাবে ভোট গ্রহণ হয়। কনকনে শীতের সকালে বিভিন্ন কেন্দ্রে ভোটাররা স্বতঃস্ফূর্তভাবে ভোট প্রদান করেন।